

# সমকাল

## কুলাউড়ায় রেঞ্জ অফিস ভবনের উদ্বোধন

প্রকাশ: ১২ ফেব্রুয়ারি ২৩ | ১৪:২৫ | আপডেট: ১২ ফেব্রুয়ারি ২৩ | ১৪:২৫

### কুলাউড়া (মৌলভীবাজার) প্রতিনিধি



ছবি-সমকাল

মৌলভীবাজারের কুলাউড়ায় গাজীপুরে আধুনিক রেঞ্জ ভবনের উদ্বোধন করা হয়েছে। শনিবার ভবনের উদ্বোধন করেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনবিষয়ক মন্ত্রী শাহাব উদ্দিন এমপি।

এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় কুলাউড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা মাহমুদুর রহমান খোন্দকারের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য দেন সিলেট বিভাগীয় বন কর্মকর্তা তৌফিকুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম রেণু, সাধারণ সম্পাদক আসম কামরুল ইসলাম প্রমুখ।

বন বিভাগ সূত্রে জানা যায়, ১৯৫৮ সালে কুলাউড়া রেঞ্জ অফিসের কার্যক্রম শুরু হয়। দীর্ঘ ৬৫ বছর থেকে জরাজীর্ণ এই অফিসের বন বিভাগের কার্যক্রম চলছিল জোড়াতালি দিয়ে। দীর্ঘদিন ধরে নতুন ভবনের দাবিটি উপেক্ষিত হলেও বর্তমান সরকারের বিশেষ করে পরিবেশ, বন ও জলবায়ু মন্ত্রণালয়ের প্রচেষ্টায় দৃষ্টিভঙ্গন ও আধুনিক রেঞ্জ কার্যালয় ভবনটি পেল কুলাউড়া বন বিভাগ।

জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব নিরসনে সিলেট বন বিভাগে পুনঃবনায়ন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ৩৮ লাখ ৭৫ হাজার টাকা ব্যয়ে ভবনটি নির্মিত হয়েছে। এদিকে আগামী ৬ মাসের মধ্যে কুলাউড়া রেঞ্জ কার্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণ ও ভবনটির দ্বিতীয় তলার ভবন নির্মাণের ঘোষণা দেওয়া হয়েছে।

প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী শাহাব উদ্দিন বলেন, বর্তমানে ২ লাখ একরের ওপরে বনভূমি বেদখলে আছে। প্রচলিত আইনে জবরদখল রোধ করা যাচ্ছে না। নতুন আইন তৈরির উদ্যোগ নেওয়া হয়েছে। আইনটি পাস হলে বনভূমির সমস্যার সমাধান হবে। আগামী ২০২৪-২৫ সালের মধ্যে বনকে ২৪ শতাংশে উন্নীত করা হবে।

এ ছাড়া উন্নয়ন প্রকল্পের আওতায় মাধবকুন্ড থেকে যে খাল হাওর পর্যন্ত গেছে সেটির খননকাজ চলছে এবং হাওর এলাকায় ৩টি বিল, ১৮টি পুকুর খনন করা হচ্ছে বলে উল্লেখ করেন মন্ত্রী।

© সমকাল ২০০৫ - ২০২৩

ভারপ্রাপ্ত সম্পাদক : মোজাম্মেল হোসেন। প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com

© সমকাল ২০০৫ - ২০২৩

ভারপ্রাপ্ত সম্পাদক : মোজাম্মেল হোসেন। প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৫৫০২৯৮৩২-৩৮

বিজ্ঞাপন : +৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com, marketingonline@samakal.com